নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৪৬ ০২ ডিসেম্বর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# জলবায়ু সহিষ্ণু ফসল উৎপাদনে বাংলাদেশের কৃষকদের সক্ষম করে তুলতে হবে--- আন্তর্জাতিক সেমিনারে নোবিপ্রবি উপাচার্য

বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাব বাংলাদেশেও বিস্তার করেছে। এ জন্য আমাদের ফসল উৎপাদন কমে যাচ্ছে। এ সংকট মোকাবেলায় জলবায়ু-সহনশীল ফসল উৎপাদনের জন্য আমাদের কৃষকদের সক্ষম করে গড়ে তুলতে হবে বলে মতামত দিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইসিআরএ-বিডি প্রজেক্টের আন্তর্জাতিক সেমিনারের টেকনিক্যাল সেশনে প্রধান অতিথি হিসেবে অংশ নিয়ে তিনি এ মত দেন। আজ মঙ্গলবার (২ ডিসেম্বর ২০২৫) রাজধানীর সোনারগাঁও হোটেলে 'ইন্টারন্যাশনাল সেমিনার অন ফারমার্স ক্যাপাসিটি বিল্ডিং ইনেশিয়েটিভস্ ফর ক্লাইমেট রেসিলিয়েন্ট এগ্রিকালচার ইন বাংলাদেশ, থ্রু লো-কার্বন ইকোসিস্টেমস' শীর্ষক আন্তর্জাতিক এ সেমিনারের আয়োজন করা হয়। উন্নয়ন সংস্থা ANTAR, AJI-CLE জাপান এবং RYOBI সিস্টেমস্ জাপান যৌথভাবে সেমিনারটি আয়োজন করে।

'ইনক্লুসিভ ক্লাইমেট রেসিলেন্স অব ভালনারেকবল কমিউনিটিস থ্রু লোকালি লিড অ্যাডাপটেশন-বাংলাদেশ (আইসিআরএ-বিডি) প্রজেক্টের আওতায় অনুষ্ঠিত সেমিনারে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল উপাচার্য মূলত মিথেন গ্যাস নির্গমন হ্রাস, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং ধান চাষে অল্টারনেট ওয়েটিং অ্যান্ড ড্রাইং (AWD) কৌশলের সাথে কৃষকদের সম্পৃক্ততা সম্পর্কিত আইসিআরএ-বিডি প্রকল্পের ফলাফলের ওপর গুরুত্বারোপ করেন। তিনি আইসিআরএ-বিডি প্রকল্প এবং ধানক্ষেতে মিথেন গ্যাস নির্গমন কমাতে AWD পদ্ধতির কার্যকারিতা সম্পর্কে ব্যাপক প্রতিফলন তুলে ধরেন।

উন্নয়ন সংস্থা ANTAR এর চেয়ারপারসন মো. ইমরানুল হক চৌধুরীর সভাপতিত্বে সেমিনারের উদ্বোধন পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মাহমুদুর রহমান। টেকনিক্যাল সেশনে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (BRRI) পরিচালক ড. রফিকুল ইসলাম। সেমিনারে কি-নোট প্রেজেন্টেশন উপস্থাপন করেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (BRRI) সিনিয়র সায়েন্টিফিক অফিসার ড. এস এম মফিজুল ইসলাম। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন জাপানের (RYOBI SYSTEMS) এর প্রতিনিধি জনাব শানসুকি মায়াকে ও রয়োসুকি মিচিওকা। আইসিআরএ-বিডি প্রজেক্ট এর পক্ষ থেকে প্রেজেন্টেশন উপস্থাপন করেন জনাব তাইচি ওয়াতানেব। পেপার প্রেজেন্টেশন উপস্থাপন করেন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মিজানুর রহমান, পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক মো. মাহমুদ হোসেন প্রমুখ। সেমিনারে অন্যান্যের মাঝে অংশগ্রহণ করেন জাপান দূতাবাসের প্রতিনিধি ও পরিচালক, সিএআরএস- ডিইউ।

সেমিনারে দেশ-বিদেশের বিভিন্ন সরকারি সংস্থা, বিশ্ববিদ্যালয়, গবেষণা ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠান, সুশীল সমাজ এবং জাতীয় ও আন্তর্জাতিক এনজিও থেকে ১০০ জনেরও বেশি অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪